



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

BANGLADESH STANDARDS AND TESTING INSTITUTION

মান ভবন

১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

116-A, TEJGAON INDUSTRIAL AREA, DHAKA-1208

ফোনঃ ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১, ৯১৩১৫৮২

Fax : 88-02-9131581, E-mail : dg@bsti.gov.bd, ictcell.bsti@gmail.com, Web : www.bsti.gov.bd

নং-৩৬.০৫.০১৪.০১.০০.০৫৯.২০১৬

তারিখ: ৩৬-০১-২০১৯ খ্রিঃ।

অফিস স্মারক

বিষয় : (১) পাটপণ্য বহুমুখী ব্যবহার উদ্বুদ্ধকরণ প্রসংগে।


বিষয় : (২) পাটজাত দ্রব্যের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানে পাটের ব্যানার ব্যবহার প্রসংগে।

শিল্প মন্ত্রণালয়ের পত্র নং (১)-৩৬.০০.০০০০.০৪৮.৯৯.০৩৪.১৮-১২১৪, তারিখ: ১৯-১২-২০১৮খ্রিঃ।

শিল্প মন্ত্রণালয়ের পত্র নং (২)-৩৬.০০.০০০০.০৪৮.৯৯.০৩৪.১৮-২০, তারিখ: ০৬-০১-২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিবেশ রক্ষার্থে বিশ্বের বিভিন্ন দেশ সিনথেটিক পণ্যের ব্যবহার কমিয়ে প্রাকৃতিক তন্তুজাত পণ্যের ব্যবহারে গুরুত্ব প্রদানের কারণে আন্তর্জাতিক বাজারে পরিবেশবান্ধব বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশে ক্ষুদ্র ও মাঝারি শ্রেণীর উদ্যোক্তাগণ বহুমুখী পাটপণ্য উৎপাদনে এগিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় বহুমুখী পাটপণ্য উৎপাদন বাজারজাতকরণ ও ব্যবহার বৃদ্ধি করে সুনির্দিষ্ট কর্মসূচীর ভিত্তিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ধীন জুট ডাইভারফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) কাজ করে যাচ্ছে। জেডিপিসি'র নিবন্ধিত ৬৫০ জন উদ্যোক্তা অফিস আইটেম, বিভিন্ন প্রকার ব্যাগ, গৃহ সজ্জা পণ্য, গৃহস্থালী পণ্য, নার্সারী আইটেম ফ্যাশন এক্সেসরিজ, পরিধেয় বস্ত্র, পাটের তৈরী কাগজের পণ্য, কার্পেট/ফ্লোরম্যাট, খেলনা, গিফট আইটেম এবং শো-পিস ইত্যাদিসহ বিভিন্ন ধরনের ২৫০ প্রকার বহুমুখী পাটপণ্য উৎপাদন করছে। উৎপাদিত এসব বহুমুখী পাটপণ্যের প্রসার ও বিক্রয়ে জেডিপিসি প্রাঙ্গনে (১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা) প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র রয়েছে।

এমতাবস্থায়, দেশের অর্থনীতি ও পরিবেশ সংরক্ষণে অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী সোনালী আঁশ পাটের সম্ভাবনাকে আরও বেগবান করার লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, সভা, সেমিনারে পাটের তৈরী ব্যাগ, চট দিয়ে তৈরী ব্যানারসহ পাটজাত পণ্য সামগ্রীর ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সকলকে উদ্বুদ্ধ করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো।


(মোহাম্মদ মাসুদ হাসান)
উপ-পরিচালক (প্রশাসন)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। পরিচালক (প্রশাসন/মেট্রোলজি/সিএম/পদার্থ/রসায়ন/মান), বিএসটিআই, ঢাকা।
- ২। পরিচালক বিএসটিআই আঞ্চলিক অফিস (খুলনা/রাজশাহী/চট্টগ্রাম)।
- ৩। উপ-পরিচালক (মেট), ডিএমআই, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (মেট), বিএসটিআই আঞ্চলিক অফিস, সিলেট।
- ৫। সহকারী পরিচালক (মেট), বিএসটিআই আঞ্চলিক অফিস, বরিশাল।
- ৬। বিএসটিআই জেলা অফিস (ফরিদপুর/রংপুর/কুমিল্লা/কিশোরগঞ্জ/বগুড়া/কক্সবাজার)।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা।
- ✓ ২। আইসিটি সেল, বিএসটিআই, ঢাকা।